চতুর্দশ পাঠ



# ঈশ্বরকে তুমি আরও ভালভাবে জানতে পার।

**ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ–**

বাইবেল পড়ে তুমি ঈশ্বরকে আরও ভালভাবে জানতে পারবে।
যীশুই তোমাকে সাহায্য করবেন ঈশ্বর সম্পর্কে ভালভাবে জানতে।
ঈশ্বরের আত্মার সাহায্যে তুমি তাকে ভাল করে জানতে পারবে।
ঈশ্বরের লোকদের মাধ্যমে তুমি তাকে জানতে পারবে।
স্বর্গে গিয়ে তুমি তাকে আরও গভীরভাবে জানতে পারবে।




বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়

আমরা জানি যে ঈশ্বরের পুত্র এসেছেন এবং আমাদের এমন বুদ্ধি দিয়েছেন যাতে সেই সত্যময় ঈশ্বরকে জানি। ১ যোহন ৫ : ২০। কারণ ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে তার একজাত পুত্রকে দান করিলেন, যেন সে কেহ তাহাতে বিশ্বাস করে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়। যোহন ৩ : ১৬।

**এটা কি করতে পার?**

দাগ টেনে বাঁ দিকের লাইনের সংগে ডান দিকের লাইনের মিল দেখাও।

| | |
|---|---|
| ১। ঈশ্বরের পুত্র হলেন ● | ● তোমাকে সাহায্য করবে তাকে জানতে। |
| ২। ঈশ্বর ভালবাসলেন ● | ● অনন্ত জীবন পাবে। |
| ৩। প্রত্যেকে যারা খ্রীষ্ট যীশুতে বিশ্বাস করে ● | ● প্রভু যীশু খ্রীষ্ট। |
| ৪। ঈশ্বরের আত্মা ● | ● জগৎকে। |

| | |
|---|---|
| ১। ঈশ্বরের পুত্র হলেন | তোমাকে তাকে জানতে সাহায্য করবেন। |
| ২। ঈশ্বর ভালবাসেন | অনন্ত জীবন পাবে। |
| ৩। প্রত্যেকে যারা খ্রীষ্ট যীশুকে বিশ্বাস করে | প্রভু যীশু খ্রীষ্ট |
| ৪। ঈশ্বরের আত্মা | জগৎকে |

**বাইবেল পড়ে তুমি ঈশ্বর সম্বন্ধে আরও ভালভাবে জানতে পারবে।**

বাইবেল তোমাকে ঈশ্বর সম্বন্ধে অনেক কিছু শিক্ষা দেয়।
প্রতিদিন বাইবেল পড় যাতে ঈশ্বর সম্বন্ধে আরও ভালভাবে জানতে পার।
● (বাইবেলের) পবিত্র বাক্যের মধ্য দিয়ে ঈশ্বর তোমার সংগে কথা বলবেন। ●





**যীশু তোমাকে সাহায্য করবেন ঈশ্বর সম্বন্ধে ভালভাবে জানতে।**

● ঈশ্বরের মধ্যে তিন ব্যক্তি আছেন যারা হলেন– পিতা ঈশ্বর, পুত্র যীশু এবং পবিত্র আত্মা। ● ● তাদের একজন যদি তোমার মধ্যে থাকেন তাহলে মনে করো তিনজনই আছেন। ● যীশু মানুষ হলেন যেন আমরা ঈশ্বরকে জানতে পারি। ● যীশুর মা মরিয়ম একজন সৎ মহিলা। মরিয়মের স্বামীর নাম ছিল যোষেফ। কিন্তু যোষেফ যীশুর বাবা ছিলেন না। যীশুর বাবা ছিলেন ঈশ্বর।





● যীশুর জন্ম হলে দূতেরা ঈশ্বরের উদ্দেশ্যে গান গেয়েছিলেন। ●
তারা ক'জন রাখালকে সংবাদ দিয়েছিল, যে মুক্তিদাতা জন্মেছেন।
রাখালরা যীশুকে দেখে আনন্দিত হয়েছিল।
ঈশ্বর তার পুত্রকে তাদের মুক্তিদাতা হিসাবে পাঠালেন।
● তার পুত্রের মাধ্যমে ঈশ্বর মানুষের মধ্যে বাস করতে চাইলেন। ●



● যীশু বড় হলে পরে লোকদের কাছে ঈশ্বর সম্বন্ধে বললেন। তিনি তাদের দেখালেন ঈশ্বর তাদের জন্য কি করতে চান। ● তিনি অন্ধের চোখ ভাল করে দিলেন। তিনি অসুস্থ, খোঁড়া ও বধির লোকদের সুস্থ করলেন।

তিনি দুঃখীকে সুখী করলেন ও খারাপ লোককে ভাল করলেন। এমনকি তিনি মৃত লোককে জীবন দিলেন। তিনি সব কিছু করলেন যা ঈশ্বর তাকে বলেছিলেন।

● যীশু ক্রুশে মরলেন আমাদের পাপ থেকে বাঁচাবার জন্য। ● তাকে কবর দেয়া হলো বটে কিন্তু তিনি আবার জীবিত হলেন। পরে তার সংগীরা তাকে স্বর্গে যেতে দেখল। ● যারা তাকে ভালবাসে তাদের জন্য তিনি আবার আসবেন–বিশেষ করে যারা তাকে ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করেছে। ● যারা মরেছে তারা আবার জীবিত হবে। ● যীশু আমাদেরকে তার সংগে স্বর্গে নেবেন। ●





**ঈশ্বরের আত্মা তাঁর সম্বন্ধে আরও ভালভাবে জানতে সাহায্য করবেন।**

ঈশ্বর তার আত্মাকে পাঠালেন মানুষের মাঝে বাস করার জন্য। পবিত্র আত্মার মাধ্যমে যীশুও তোমার মধ্যে আছেন। ● প্রার্থনার মাধ্যমে ঈশ্বরের আত্মা তাঁর সংগে কথা বলতে তোমাদের সাহায্য করেন। ● ঈশ্বরের কথা বলে তুমি তাঁর সম্বন্ধে আরও ভালভাবে জানতে পারবে। ● পবিত্র আত্মাকে বল যেন তিনি তোমার মধ্যে এসে বাস করেন। ●(সেই আত্মা) তোমাকে সাহায্য করবেন ঈশ্বরের উদ্দেশ্যে জীবন যাপন করতে ও তার সম্বন্ধে ভালভাবে জানতে।


ঈশ্বরের লোকেরা তাঁর সম্বন্ধে ভালভাবে জানতে তোমাকে সাহায্য করবেন। ঈশ্বর চান যেন তার লোকদের মাধ্যমে অন্য লোকরা তার সম্বন্ধে জানুক। যীশুকে যারা জানে তারাই যেন অন্য লোকদের কাছে ঈশ্বর সম্বন্ধে বলে। তারা (ঈশ্বরের লোকরা) একত্রে বসে ঈশ্বরের বাক্য পড়ে তা ধ্যান করবে ও তার কাছে প্রার্থনা করবে; (যেন) তারা লোকদের কাছে বলতে পারে ঈশ্বর তাদের জন্য কি করেছেন। ● ঈশ্বরের লোকদের সংগে মেলামেশা কর যাতে তাদের কাছ থেকে ঈশ্বর সম্বন্ধে আরও বেশী জানতে পার। ● ঈশ্বর সম্বন্ধে তুমি যা জান তোমার বন্ধুদের তা বল যেন তারা রক্ষা পায় ও স্বর্গে যেতে পারে। ●





স্বর্গে গিয়ে তুমি ঈশ্বর সম্বন্ধে আরও ভালভাবে জানতে পারবে। তুমি স্বর্গে গিয়ে ঈশ্বরকে দেখতে পাবে, শুনতে পারবে তিনি তোমার সংগে কথা বলছেন। ● এখন তুমি এখানে যা বুঝতে পারছো না তখন সেখানে গিয়ে আরও অনেক কিছু জানতে পারবে। ● তুমি তখন জানবে যে ঈশ্বর কত আশ্চর্য ও মধুর। তখন ঈশ্বর সম্বন্ধে ভালভাবে জেনে আরও তাকে ভালবাসবে এবং চিরকাল তাঁর সংগে বাস করবে।

## প্রার্থনা



প্রভু তোমাকে ধন্যবাদ যে তুমি আমাকে ভালবাস।
একদিন আসবে যখন তোমার শ্রীমুখ আমি দেখতে পাব।
হে পিতা ঈশ্বর; পুত্র (ঈশ্বর) ও পবিত্র আত্মা ঈশ্বর তুমি আমার অন্তরে এসে বাস কর। আমার বন্ধুদের কাছে তোমার সম্বন্ধে বলতে আমাকে সাহায্য কর। আমি প্রার্থনা করি তোমাকে জানার জন্য তাদেরও তুমি সাহায্য কর যাতে আবার যখন তুমি আসবে তখন
তোমার সংগে তারা স্বর্গে যেতে পারে।

এবারে চতুর্দশ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

সংশোধনী ঃ

বইয়ের ২৪ পৃষ্ঠায় শেষের চতুর্থ লাইন এইভাবে পড়তে হবে ; যথা

"তারা ছাগল, ভেড়া প্রভৃতি পালন করতো যেন দুধ, মাখন ও কাপড় চোপড় সেগুলো থেকে পেতে পারে।"

